দৈনিক সংবাদ
তারিখ 03 JUN 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩

## তিনদিন পর ডাকসু নির্বাচন

# ক্যাম্পাস এখন সরগরম

॥বিশ্ববিদ্যালয় সংবাদদাতা॥

আগামী বুধবার ডাকসু নির্বাচন। মাঝখানে মাত্র ৩দিন বাকী। আগামীকাল সোমবার রাত ১২টার পর থেকেই ক্যাম্পাসে নির্বাচনী মিছিল-সমাবেশ বন্ধ হয়ে যাবে।

ছাত্র সংগঠনগুলো এই স্বল্প সময়কে কাজে লাগাতে উঠে পড়ে লেগেছে। রঙীন পোস্টার আর ব্যানারে ক্যাম্পাস ছেয়ে গেছে। দেয়াল লিখনের কাজ চলছে দিনরাত ধরেই। গত ক'দিন ধরে মাঝে মাঝে বৃষ্টি হওয়ায় নির্বাচনী প্রচারণাভিযান ব্যাহত হচ্ছে।

### পরিচিতি সভা

গতকাল বিশ্ববিদ্যালয়ের কলাভবন চত্বরে জাতীয় ছাত্রলীগ মনোনীত বুলবুল-কামাল-চান পরিষদের পরিচিতি সভা ছাত্রনেতা জাহাঙ্গীর সাত্তার টিংকুর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

(শেষ পৃঃ ৭-এর কঃ ৪ঃ)

## ক্যাম্পাস সরগরম

(১ম পাতার পর)

সভায় সংগঠনের ভিপি প্রার্থী নূরুল ফজল বুলবুল, সাধারণ সম্পাদক প্রার্থী কামাল হোসেন ও সহ-সাধারণ সম্পাদক প্রার্থী অহিদুজ্জামান চান বক্তব্য রাখেন।

নূরুল ফজল বুলবুল, বলেন, সন্ত্রাস আজ বিশ্ববিদ্যালয়কে গ্রাস করতে বসেছে। শিক্ষার পরিবেশ বিঘ্নিত। ছাত্রী মিছিলে হামলার মত ন্যাক্কারজনক ঘটনার কোন বিচার আজও আমরা করতে পারিনি।

তিনি বলেন, এসব সমস্যার সমধানে যোগ্য নেতৃত্ব প্রয়োজন।

সভায় গত ক'দিন ধরে ক্যাম্পাসের বিভিন্ন এলাকায় জাতীয় ছাত্রলীগের ব্যানার এবং পোস্টার ছেঁড়া হচ্ছে বলে অভিযোগ করা হয়।

### ছাত্রদল

জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল আমান-খোকন প্যানেলের সমর্থনে ক্যাম্পাসে মিছিল ও অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশের আয়োজন করে। সংগঠনের অপর প্যানেলের সামসুজ্জামান দুদু এবং আসাদুজ্জামান রিপন তাদের মনোনয়ন পত্র প্রত্যাহারের ঘোষণা দিলেও গতকাল তাদের কাউকে ক্যাম্পাসে দেখা যায়নি। ছাত্রনেতা সানাউল হক নীরুও গতকাল ক্যাম্পাসে আসেননি।

ছাত্রদলের সমাবেশে তাদের প্যানেল পরিচয় করিয়ে দেয়া হয়।

সমাবেশে রিজভী আহমেদ, শফিক আহমেদ রানা, মনিরুজ্জামান মনির, গৌতম মিত্র ও ফজলুল হক মিলন বক্তব্য রাখেন।

এছাড়া গতকাল ৯টি ছাত্র সংগঠন, ছাত্রলীগ (হা-অ), বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ৩ দলীয় ছাত্র জোট প্রভৃতি সংগঠন ক্যাম্পাসে নির্বাচনী প্রচার মিছিল বের করে।

আজ রোববার বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে ৯টি ছাত্র সংগঠনের এবং ৩ দলীয় ছাত্রজোটের প্যানেল পরিচিতি সভা অনুষ্ঠিতহবে।